# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২ অরফ্যানেজ রোড, বকশি বাজার, ঢাকা-১২১১

www.bmeb.gov.bd

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/ ৭৬২ তারিখ: ২৮ আষাঢ়, ১৪৩৩ / ১২ জুলাই, ২০২৬

বিষয় : মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগের রিট পিটিশন নং ৩৮৩৫/২০২৬ এর রায় বিষয়ে অবহিতকরণ প্রসঙ্গে

সূত্র : বোর্ডের স্মারক নম্বর বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/৮৮ তারিখ: ০৮.০৩.২০২৬খ্রি.;

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে পঞ্চগড় জেলার আটোয়ারী উপজেলাধীন লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসার সাময়িক বরখাস্তকৃত অধ্যক্ষ জনাব মো: আব্দুল মতিন সরকারকে সূত্রোক্ত স্মারক পত্রের আলোকে পুনর্বহাল করা হয় এবং একই সাথে উক্ত স্মারক পত্রের মাধ্যমে বোর্ডে দাখিলকৃত গভর্নিং বডি অনুমোদনের আবেদন বাতিল করা হয়। বোর্ড থেকে অনুমোদনের লক্ষ্যে দাখিলকৃত গভর্নিং বডির প্রস্তাবিত সভাপতি জনাব মো: রায়হান কবির কর্তৃক উক্ত পত্রের বিরুদ্ধে মহামান্য সুপ্রীম কোর্টের হাইকোর্ট বিভাগে রিট পিটিশন নং ৩৮৩৫/২০২৬ মামলা দায়ের করা হয়। রিট পিটিশন মামলার রায়ে অনুমোদের লক্ষ্যে বোর্ডে দাখিলকৃত গভর্নিং বডির আবেদন বাতিলের বিষয়টি ০৩ (তিন) মাসের স্থগিতাদেশ প্রদান করা হয়েছে। রিট পিটিশন ৩৮৩৫/২০২৬ মামলার রায় অনুযায়ী পুনর্বহালকৃত অধ্যক্ষ জনাব মো: আব্দুল মতিন সরকার এর শিক্ষক কর্মচারীদের বেতন বিলে স্বাক্ষরসহ অধ্যক্ষ পদে দায়িত্ব পালনে কোন বাধা নাই এবং অধ্যক্ষ জনাব মো: আব্দুল মতিন সরকার স্বপদে বহাল আছেন মর্মে প্রতীয়মান হয়।

বর্ণিত অবস্থায় বেসরকারি শিক্ষা প্রতিষ্ঠান (মাদ্রাসা) জনবল কাঠামো ও এমপিও নীতিমালা-২০২৬ এর ১৭.৪ মোতাবেক উপজেলা নির্বাহী অফিসার, আটোয়ারী, পঞ্চগড় কর্তৃক শিক্ষক-কর্মাচরীদের এমপিও বিলে স্বাক্ষর করবেন এবং বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড (দাখিল ও আলিম স্তরের বেসরকারি মাদ্রাসার ম্যানেজিং কমিটি ও গভর্নিং বডি) প্রবিধানমালা, ২০২৫ এর ৬৯ বিধান মোতাবেক সভাপতির বর্ণিত দায়িত্ব পালন পূর্বক প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

১২/৭/২৬

প্রফেসর এস এম তৌহিদুজ্জামান
রেজিস্ট্রার
ফোন: ৯৬১২৮৫৮
ই-মেইল: registrar@bmeb.gov.bd

উপজেলা নির্বাহী অফিসার,
আটোয়ারী, পঞ্চগড়।

স্মারক নম্বর-বামাশিবো/প্রশা/পঞ্চগড়-৩৪/ ৭৬২/১ তারিখ: ২৮ আষাঢ়, ১৪৩৩ / ১২ জুলাই, ২০২৬

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):

১. জেলা প্রশাসক, পঞ্চগড়;
২. জেলা শিক্ষা অফিসার, পঞ্চগড়;
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, আটোয়ারী, পঞ্চগড়;
৪. ম্যানেজার, সোনালী/রুপালী/অগ্রণী/জনতা ব্যাংক লি:, .................... শাখা, আটোয়ারী, পঞ্চগড়;
৫. জনাব মো: আব্দুল মতিন সরকার, অধ্যক্ষ, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, পো: মির্জাপুর, আটোয়ারী, পঞ্চগড়;
৬. ভারপ্রাপ্ত অধ্যক্ষ, লক্ষীপুর ইসলামিয়া আলিম মাদ্রাসা, পো: মির্জাপুর, আটোয়ারী, পঞ্চগড়;
৭. প্রোগ্রামার, আইসিটি সেল, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা(ওয়েবসাইটে প্রকাশের অনুরোধসহ);
৮. পিও টু চেয়ারম্যান, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা;
৯. অফিস কপি।

১২/৭/২৬

মোঃ আব্দুর রশিদ
উপ-রেজিস্ট্রার (প্রশাসন)
ফোন: ৯৬৭৪৮৭৪
ই-মেইল: dradmin@bmeb.gov.bd

D:\Admin - Committee\Belayet\inquiry\inquiry auto.docx